



আযম খান সরকারি কমার্স কলেজ, খুলনা
অধ্যক্ষের কার্যালয়

তারিখঃ ২১/০১/২০১৯ খ্রি.

ডিগ্রী (পাস) ও সার্টিফিকেট কোর্স পরীক্ষা-২০১৮
ফরম পূরণের বিজ্ঞপ্তি

২০১৮ সালের বি.বি.এস (পাস) ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ-ইচ্ছুক ছাত্র-ছাত্রীদের জানানো যাচ্ছে যে, তাদের পরীক্ষার ফরম পূরণ সংক্রান্ত তথ্যাবলী নিম্নরূপঃ

১। ফরম পূরণের তারিখঃ আগামী ২৩/০১/২০১৯ খ্রি. রোজ বুধবার।

২। পরীক্ষায় অংশ গ্রহণের শর্তাবলীঃ

- ২০১৭-১৮ শিক্ষাবর্ষের নিয়মিত শিক্ষার্থীরা এ পরীক্ষায় অংশগ্রহণ করবে।
- ২০১৪-১৫, ২০১৫-১৬ ও ২০১৬-১৭ শিক্ষাবর্ষের শিক্ষার্থীরা যারা ২০১৫, ২০১৬ ও ২০১৭ সালের ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করেনি অথবা অংশগ্রহণ করে অকৃতকার্য করেছে তারা এ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।
- ২০১৩-১৪, ২০১৪-১৫, ২০১৫-১৬ ও ২০১৬-১৭ শিক্ষাবর্ষের শিক্ষার্থীরা যারা ২০১৪, ২০১৫, ২০১৬ ও ২০১৭ সালের ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে এক বা একাধিক কোর্সে F গ্রেড পেয়ে ২য় বর্ষে উত্তীর্ণ হয়েছে সে সকল পরীক্ষার্থীগণ F গ্রেড প্রাপ্ত কোর্সে এ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।
- ২০১৩-১৪, ২০১৪-১৫, ২০১৫-১৬ ও ২০১৬-১৭ শিক্ষাবর্ষের শিক্ষার্থীরা যারা ২০১৭ সালের ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে ২য় বর্ষে উত্তীর্ণ (Promoted-C) হয়েছে তাদের অনুপস্থিত কোর্সে এ পরীক্ষায় অংশগ্রহণ করা বাধ্যতামূলক।
- উপরিউক্ত শিক্ষার্থীদেরকে ১ম বর্ষে "স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাস" আবশ্যিকসহ নৈর্বাচনিক বিষয়গুলোর ১ম ও ২য় পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।
- ১ম বর্ষের সকল পরীক্ষায় অংশগ্রহণ করা বাধ্যতামূলক।

৩। ফরম পূরণ সংক্রান্ত পরীক্ষার্থীদের করণীয়ঃ

- আবেদনকারীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.nubd.info/degree-pass) এ গিয়ে Apply to online form Fillup (For Student)-এ লিংকে ক্লিক করে নিজের রেজিস্ট্রেশন নম্বর দিয়ে ওয়েবসাইটের নির্দেশনা অনুযায়ী নিজের ডাটা এন্ট্রি করতে হবে। আবেদন ফরমে বিষয়কোড ও ফি উল্লেখ থাকবে। আবেদন ফরমপূরণ প্রক্রিয়া সম্পন্ন হলে ফরম ডাউনলোড করে প্রিন্ট করতে হবে।
- আবেদন ফরমের সাথে সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি ছবি নির্ধারিত স্থানে আইকা আঠা দিয়ে লাগাতে হবে।
- শিক্ষার্থীকে পরীক্ষা কমিটির নিকট থেকে ফি বহি -এর উপর পরীক্ষায় অংশ গ্রহণের যোগ্যতার প্রত্যয়ন নিতে হবে।
- ফি জমা দেওয়ার পূর্বে কলেজের ক্যাশিয়ারের নিকট থেকে ফি বহিতে স্বাক্ষর নিতে হবে।
- কলেজ অফিসে স্থাপিত বেসিক ব্যাংকের বুথে নির্ধারিত ফি জমা দিয়ে জমা ট্রিপের ফটোকপিসহ ডাউনলোডকৃত আবেদন ফরমের মূল কপি কলেজ অফিসে জমা দিতে হবে। আবেদন ফরমের একটি (০১) ফটোকপি শিক্ষার্থী সংরক্ষণ করবে।

৪। ফরম পূরণের জন্য নির্ধারিত ফিঃ

ক্র.নং	বিষয়	নিয়মিত	অনিয়মিত	মানোন্নয়ন
১	পরীক্ষার ফি ৭০০ নম্বরের জন্য নিয়মিত	৭০০/-	৭০০/-	পত্র সংখ্যা X ১০০/-
২	কেন্দ্র ফি	৪৫০/-	৪৫০/-	৪৫০/-
৩	বিশেষ অন্তর্ভুক্তি ফি	-	-	৩০০/-
৪	সেশন চার্জ	-	১৬৫৫/-	-
৫	বেতন	১০০/-	৩০০/-	-
৬	সোনালী সেবা	৫/-	৫/-	৫/-
৭	ব্যবস্থাপনা ফি	৫০/-	৫০/-	৫০/-
৮	ইনকোর্স পরীক্ষার ফি (বিশ্ববিদ্যালয়)	১০০/-	১০০/-	-
৯	ইনকোর্স পরীক্ষার ফি (কলেজ)	-	২০০/-	-
	সর্বমোট=	১,৪০৫/-	৩,৪৬০/-	-

৫। কোন পরীক্ষার্থী ২৩/০১/২০১৯ খ্রি. তারিখে ফরম জমা দিতে ব্যর্থ হলে তাকে ৩ নং এ উল্লিখিত নিয়ম মেনে নিজ দায়িত্বে বেসিক ব্যাংক খুলনা শাখায় নির্ধারিত ফি জমা দিয়ে জমাপ্রিপের ফটোকপিসহ ডাউনলোডকৃত আবেদন ফরম কলেজ অফিসে জমা দিতে হবে।

৬। যে সকল নিয়মিত ও অনিয়মিত পরীক্ষার্থী ইনকোর্স পরীক্ষায় অংশগ্রহণ করে নাই তারা আগামী ২৪/০১/২০১৯ খ্রি. ও ২৬/০১/২০১৯ খ্রি. তারিখ ইনকোর্স পরীক্ষায় অংশগ্রহণ সাপেক্ষে ২৭/০১/২০১৯ খ্রি. তারিখ ফরম পূরণ করার সুযোগ পাবে।

প্রতি স্বাক্ষর
অধ্যক্ষ
আযম খান সরকারি কমার্স কলেজ
খুলনা।

আহবায়ক
বি.বি.এস (পাস) পরীক্ষা কমিটি- ২০১৮
আযম খান সরকারি কমার্স কলেজ, খুলনা।